

আকাশ আমায় ভরল আলোয়,
 আকাশ আমি ভরব গানে ।
 সুরের আবীর হানব হাওয়ায়,
 নাচের আবীর হাওয়ায় হানে ॥
 ওরে পলাশ, ওরে পলাশ,
 রাঙা রঙের শিখায় শিখায়
 দিকে দিকে আগুন জ্বলাস -
 আমার মনের রাগ রাগিনী
 রাঙা হল রঙিন তানে ॥
 দখিন-হাওয়ার কুসুমবনের
 বুকের কাঁপন থামে না যে ।
 নীল আকাশে সোনার আলোয়
 কচি পাতার নুপুর বাজে ।
 ওরে শিরীষ, ওরে শিরীষ,
 মৃদু হাসির অন্তরালে
 গন্ধজালে শূন্য ঘিরিস -
 তোমার গন্ধ আমার কণ্ঠে
 আমার হৃদয় টেনে আনে ॥

Parjaay: Prakriti / Basanta, Taal: Dadra, Raag: Chhayanaat
 Visit www.geetabitan.com for notation and other detail